# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৮৮৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৩২]

১৬। হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ২৭. ইফরাদ ও কিরান হজ্জ প্রসঙ্গে

باب فِي الإِفْرَادِ وَالْقِرَانِ

আরবী

وَحَدَّثَنِي أُمَيَّةُ بْنُ بِسْطَامَ الْعَيْشِيُّ، حَدَّثَنَا يَزِيدُ، - يَعْنِي ابْنَ زُرَيْعٍ - حَدَّثَنَا حَبِيبٌ، بْنُ الشَّهِيدِ عَنْ بَكْرِ بْنِ عَبْدِ اللَّهِ، حَدَّثَنَا أَنَسٌ، رضى الله عنه أَنَّهُ رَأَى النَّبِيَّ صلى الله عليه وسلم جَمَعَ بَيْنَهُمَا بَيْنَ الْحَجِّ وَالْعُمْرَةِ قَالَ فَسَأَلْتُ ابْنَ عُمَرَ فَقَالَ أَهْلَلْنَا بِالْحَجِّ . فَرَجَعْتُ إِلَى أَنَسٍ فَأَخْبَرْتُهُ مَا قَالَ ابْنُ عُمَرَ فَقَالَ كَأَنَّمَا كُنَّا صِبْيَانًا .

বাংলা

২৮৮৬-(১৮৬/...) উমাইয়্যাহ্ ইবনু বিসত্বাম আল আয়শী (রহঃ) ..... আনাস (রাযিঃ) থেকে বর্ণিত যে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে একত্রে হাজ্জ ও উমরাহ আদায় করতে দেখেছেন। রাবী বলেন, আমি ইবনু উমর (রাযিঃ) কে জিজ্ঞেস করলে তিনি বলেন, আমরা শুধু হাজ্জের (হজ্জের/হজের) ইহরাম বেঁধেছি। আমি (বাকর) পুনরায় আনাস (রাযিঃ) এর নিকট ফিরে আসি এবং ইবনু উমর (রাযিঃ) যা বলেছেন, সে সম্পর্কে তাকে অবহিত করলাম। আনাস (রাযিঃ) বললেন, আমরা বুঝি তখন শিশু ছিলাম!* (ইসলামিক ফাউন্ডেশন ২৮৬২, ইসলামীক সেন্টার ২৮৬১)

## English

Bakr b. 'Abdullah reported:
Anas (Allah be pleased with him) had narrated to us that he saw Allah's Apostle (ﷺ) combining Hajj and 'Umra. He (Bakr) said: I asked (about it) from Ibn 'Umar, whereupon he said: We entered into the state of Ihram for Hajj (only). I came to Anas and told him what Ibn Umar had said, whereupon he remarked: (You are treating us) as if we were children.

ফুটনোট

* এসব বর্ণনার মধ্যে সামঞ্জস্য হলো এই যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথম শুধুমাত্র হাজ্জের (তথা ইফরাদ হাজ্জের) ইহরাম বাঁধেন। অতঃপর এর সাথে উমরাকে মিলিয়ে নেন। ফলে তিনি ক্বারিন (তথা কিরান হাজ্জকারী) হয়ে যান। মুহাক্কিক মুহাদ্দিসগণের নিকটে এটাই সহীহ এবং গ্রহণযোগ্য যে, তিনি প্রথমে ইফরাদ হাজ্জকারী ছিলেন, অতঃপর কিরান হাজ্জ আদায়কারী হয়ে যান। ইবনু উমারের বর্ণনায় শুরুতে ইহরাম বাঁধেন তখনকার বর্ণনা এসেছে। অন্যদিকে আনাস এর বর্ণনায় যখন ক্বারিন হয়েছেন তখনকার বর্ণনা রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=49969

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন